**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**যুগ্ম জেলা ও দায়রা জজ এর কার্যালয়**
**খাগড়াছড়ি।**

**নম্বরঃ জেজকা/ খাগড়া/ প্রশাসন/ ২০২২-৯৪;** **তারিখঃ ২২/০৬/২০২২ খ্রিস্টাব্দ।**

## নিয়োগ বিজ্ঞপ্তি

জেলা ও দায়রা এর কার্যালয় এবং অতিঃ জেলা ও দায়রা জজ এর কার্যলয়, খাগড়াছড়ির নিম্নবর্ণিত শূণ্যপদসমূহ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের লক্ষ্যে উপযুক্ত প্রার্থী বাছাই-এর নিমিত্ত নিম্নলিখিত শর্তাবলী পূরণ সাপেক্ষে পদের বিপরীতে উল্লিখিত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

### জেলা ও দায়রা জজ কার্যালয়ের জন্য

| ক্র. নং | পদের নাম | পদ সংখ্যা | বেতন স্কেল ও গ্রেড | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | স্টেনোগ্রাফার কাম কম্পিউটার অপারেটর | ০১ | ১১০০০-২৬৫৯০/-<br>গ্রেড-১৩ | কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। কম্পিউটার টাইপিং-এ প্রতি মিনিটে বাংলা ৩০ ও ইংরেজী ৩৫ শব্দের গতি এবং শর্টহ্যান্ডে প্রতি মিনিটে বাংলা ৭০ ও ইংরেজী ১০০ শব্দের গতি থাকতে হবে। |
| ২ | বেঞ্চ সহকারী | ০১ | ৯৭০০-২৩৪৯০/-<br>গ্রেড-১৫ | স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। কম্পিউটারে পারদর্শিদের অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ৩ | অফিস সহায়ক | ০৬ | ৮২৫০-২০০১০/-<br>গ্রেড-২০ | অষ্টম শ্রেণীর পরীক্ষায় উত্তীর্ণ। |

### অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালতের জন্য

| ক্র. নং | পদের নাম | পদ সংখ্যা | বেতন স্কেল ও গ্রেড | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর | ০১ | ১০২০০-২৪৬৮০/-<br>গ্রেড-১৪ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ তে স্নাতক বা সমমানের ডিগ্রী পরীক্ষায় উত্তীর্ণ। কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত এবং কম্পিউটার টাইপিং-এ প্রতি মিনিটে বাংলা ২৫ ও ইংরেজী ৩০ শব্দের গতি এবং শর্টহ্যান্ডে প্রতি মিনিটে বাংলা ৬০ ও ইংরেজী ৮০ শব্দের গতি থাকতে হবে। |
| ২ | বেঞ্চ সহকারী | ০১ | ৯৩০০-২২৪৯০/-<br>গ্রেড-১৬ | কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ'সহ এম.এস অফিস, ইউনিকোড ও বেসিক ডাটাবেজ পরিচালনায় প্রশিক্ষণ প্রাপ্ত হতে হবে। |
| ৩ | অফিস সহায়ক | ০১ | ৮২৫০-২০০১০/-<br>গ্রেড-২০ | কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |

**শর্তাবলী ঃ**

১। আগ্রহী প্রার্থীদেরকে চাকরির নির্ধারিত আবেদন ফরম **A4 size** অফসেট কাগজে প্রিন্ট করে স্বহস্তে পূরণ পূর্বক মাননীয় চেয়ারম্যান, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি ও যুগ্ম জেলা ও দায়রা জজ, খাগড়াছড়ি মহোদয়কে সম্বোধন করে আবেদন করতে হবে। চাকরির আবেদন ফরম এবং প্রবেশপত্র ফরম **বিচার বিভাগীয় বাতায়ন, খাগড়াছড়ি** (**http://khagrachhari.judiciary.org.bd/**) লিংক থেকে ডাউনলোড করা যাবে। চাকরির আবেদন ফরম এবং প্রবেশপত্র ফরম-এ প্রার্থীকে স্বহস্তে স্বাক্ষর করতে হবে এবং উক্ত স্বাক্ষর একই/অভিন্ন হতে হবে।

২। আবেদনপত্র আগামি **২০/০৭/২০২২** খ্রি. তারিখ বিকাল **০৫:০০** ঘটিকার মধ্যে চেয়ারম্যান, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি ও যুগ্ম জেলা ও দায়রা জজ, খাগড়াছড়ি ঠিকানায় ডাকযোগে অথবা সরাসরি জেলা ও দায়রা জজ আদালত, খাগড়াছড়িতে রক্ষিত বক্সে আবেদনপত্র পৌছাতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র এ কার্যালয়ে না পৌঁছালে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৩। প্রার্থীর বয়সসীমা আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখে **(২০/০৭/২০২২)** খ্রিস্টাব্দে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বীর মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার সন্তান বা সন্তানের সন্তান ও প্রতিবন্ধীদের বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য (সংশ্লিষ্ট কর্তৃপক্ষের স্বাক্ষরিত প্রত্যয়নপত্রসহ দাখিল করতে হবে)। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নহে।

৪। চাকুরীরত/ বিভাগীয় প্রার্থীদের অন্যান্য শর্ত প্রতিপালন সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র পৌঁছাতে হবে। এ ক্ষেত্রে আবেদনের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

৫। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে ঃ
ক) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক নামযুক্ত সীল দ্বারা সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙিন ছবি।
খ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার প্রমাণসরূপ সনদপত্র সমূহের সত্যায়িত ফটোকপি।
গ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের মূল কপি।
ঘ) প্রার্থীর স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ পৌর মেয়র/ সিটি কর্পোরেশনের মেয়র কর্তৃক প্রদত্ত জাতীয়তা সনদপত্র/ জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি/ জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৬। চূড়ান্ত নির্বাচনী পরীক্ষার সময়ে প্রার্থীকে শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয়তা সনদ, জাতীয় পরিচয়পত্র, জন্ম নিবন্ধন, অভিজ্ঞতার মূল সনদপত্র এবং প্রযোজ্য ক্ষেত্রে মুক্তিযোদ্ধার মূল সনদ'সহ আনুষাঙ্গিক মূল কাগজপত্রাদি প্রদর্শন করতে হবে।

৭। আবেদনপত্রের খামের উপর **লাল কালি** দ্বারা স্পষ্টাক্ষরে **পদের নাম, নিজ জেলা এবং কোটার নাম (প্রযোজ্য ক্ষেত্রে)** উল্লেখ করতে হবে।

৮। প্রত্যেক আবেদনকারীকে প্রতি পদে আবেদনের জন্য চেয়ারম্যান, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি ও যুগ্ম জেলা ও দারা জজ, খাগড়াছড়ি-এর অনুকূলে ক্রমিক নং- ১ ও ২ নং পদের জন্য ১০০/-(একশত) এবং ক্রমিক নং- ৩ পদের জন্য ৫০(পঞ্চাশ) টাকা ট্রেজারী চালানের মাধ্যমে কোড নং- ১-২১০৮-০০০০-২৬৮১ (বিবিধ রাজস্ব প্রাপ্তি)-তে জমা প্রদান পূর্বক ট্রেজারী চালানের মূলকপি আবেদন ফরমের সাথে জমা দিতে হবে।

৯। প্রার্থী যে ঠিকানায় 'প্রবেশপত্র' পেতে আগ্রহী তা স্পষ্টভাবে খামের উপরে উল্লেখপূর্বক ১০(দশ) টাকা মূল্য মানের অব্যবহৃত ডাক টিকেটযুক্ত ৯.৫ ইঞ্চি × ৪.৫ ইঞ্চি সাইজের একটি ফেরত খাম আবেদনপত্রের সংগে সংযুক্ত করে দিতে হবে।

১০। একজন প্রার্থী শুধুমাত্র ০১(এক)টি পদের জন্য আবেদন করতে পারবে। যদি কেউ একাধিক পদের জন্য আবেদন করেন; তবে তার সকল পদের আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১১। যোগ্যতাসম্পন্ন প্রার্থীদেরকে লিখিত পরীক্ষার তারিখ, সময় ও স্থান প্রবেশপত্রের মাধ্যমে ডাকযোগে জানানো হবে। লিখিত পরীক্ষার ফলাফল, মৌখিক/ ব্যবহারিক পরীক্ষার তারিখ ও সময় জেলা ও দায়রা জজ এর কার্যালয়, খাগড়াছড়ির নোটিশ বোর্ডে নোটিশের মাধ্যমে জানানো হবে।

১২। সরকার কর্তৃক জারীকৃত বিধি অনুযায়ী সকল প্রকার কোটা সংরক্ষণ করা হবে।

১৩। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টি.এ/ ডি.এ প্রদান করা হবে না।

১৪। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ বা ঘষামাজা এবং নির্ধারিত তারিখ ও সময়ের পরে প্রাপ্ত সকল আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৫। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/ বৃদ্ধি/ বাতিল এবং নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন/ বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৬। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৭। কোন প্রার্থী তথ্য গোপন বা ভুয়া/জাল/তঞ্চকীমূলক কাগজ প্রদর্শন করে নিয়োগ প্রাপ্ত হলে এবং পরবর্তীতে কর্তৃপক্ষের গোচরীভূত হলে কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যাতিরেকে উক্ত প্রার্থীর নিয়োগ বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

স্বাক্ষরিত/-
(মাহমুদুল ইসলাম)
যুগ্ম জেলা ও দায়রা জজ
খাগড়াছড়ি ও
চেয়ারম্যান
নিয়োগ সংক্রান্ত যাচাই বাছাই কমিটি।